**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:২০-08–2024**
**Time: 07.35–07 . 40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**NEC–CM :**

উত্তর পূর্বাঞ্চল পর্ষদ বা NEC–র প্লেনারী, আগামী ৩১শে আগস্ট ও পয়লা সেপ্টেম্বর আগরতলায় অনুষ্ঠিত হবে। গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সাংবাদিকদের একথা জানিয়েছেন। এই বৈঠকে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সহ উত্তর–পূর্বাঞ্চলের ৬টি রাজ্যের রাজ্যপালগণ ও মুখ্যমন্ত্রীদের যোগ দেবার কথা রয়েছে ।

***************

**MBB–CM :**

আধুনিক ত্রিপুরার রূপকার মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের ১১৬ তম জন্মবার্ষিকী গতকাল রাজ্যের সর্বত্র যথাযথ মর্যাদায় উদযাপন করা হয়। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, ত্রিপুরা রাজ্যকে উন্নতির শিখরে নিয়ে যাওয়ার ক্ষেত্রে মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের অপরিসীম ভূমিকা রয়েছে। অনুষ্ঠানে, শিক্ষা ক্ষেত্রের বিকাশে ও ত্রিপুরার সংস্কৃতি সংরক্ষনের ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য, বিধায়ক রামপদ জমাতিয়াকে মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুর স্মৃতি পুরস্কার ২০২৪ প্রদান করা হয়।

এদিকে গতকাল MBB কলেজের রবীন্দ্র হলে, মহারাজা বীর বিক্রম মানিক্যের জন্মদিবস উদযাপন করা হয় । কলেজ ও প্রাক্তনীদের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন, উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেশ দেববর্মা । অনুষ্ঠানে বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা , কলেজের অধ্যক্ষ্য ডক্টর নির্মল ভদ্র প্রমুখ উপস্থিত ছিলেন । এই উপলক্ষ্যে মহারাজের জীবন ও কর্মধারা নিয়ে ছাত্রছাত্রীদের মধ্যে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ।

***************

**Detain of Bangladeshi by bsf & police :**

বেআইনি অনুপ্রবেশের অভিযোগে সিধাই মোহনপুরে সীমান্ত এলাকায় গতকাল ১৫ জন বাংলাদেশি ধরা পড়েছে। তাদের সহযোগিতা করার অভিযোগে পাঁচ ভারতীয়কে আটক করা হয়েছে। বিএসএফ সদর দপ্তর এক বিবৃতিতে জানিয়েছে, গতকাল রাতে সিধাই থানার অন্তর্গত হরিনাখলা সীমান্ত দিয়ে বেআইনি অনুপ্রবেশের জন্য সাতজন বাংলাদেশিকে আটক করা হয়। তাদের কাছ থেকে দেড় লক্ষ বাংলাদেশি টাকা এবং ৩০০ ডলার উদ্ধার করা হয়েছে। এদিকে, মোহনপুর এর এসডিপিও বিজয় সেন গতকাল জানিয়েছেন, গোপালনগর এলাকায় তল্লাশি চালিয়ে আটজন বাংলাদেশিকে আটক করা হয়। তাদের সহযোগিতা করার অভিযোগে পাঁচজন ভারতীয়কেও আটক করা হয়।

****************

**ARDD CAMP-GOMATI :**

এডিসি'র দক্ষিণ জোনাল এর ডেপুটি প্রিন্সিপাল ভেটেরিনারি অফিসের উদ্যোগে গতকাল গর্জি সাব জোনালের অন্তর্গত পূর্ব পিলাক ও কালাবন এডিসি ভিলেজে প্রাণী চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরে ৮০টি পরিবারের গৃহপালিত পশুপাখির টিকাকরণ ও চিকিৎসা করা হয়। উপস্থিত ছিলেন এডিসি'র সাব জোনাল চেয়ারম্যান রাজকুমার নোয়াতিয়া, প্রমুখ।

***************

**Detain of ganja at rail station** :

জিআরপি এবং আরপিএফের যৌথ অভিযানে আগরতলা রেল ষ্টেশনে ১৯ কিলো গাঁজা উদ্ধার হয়েছে। ষ্টেশনের অন্তর্গত জিআরপি থানার ওসি তাপস দাস জানান, গতকাল সন্ধ্যায় তল্লাশি করার সময় ট্রেনে এই গাঁজা পাওয়া যায়। এই ঘটনায় তদন্ত করা হচ্ছে। তিনি আরও জানান, বিএসএফের সঙ্গে যৌথ অভিযানে গতকাল মধুপুর থানার কৈয়াডেপা থেকে এক মানব পাচারকারীকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃত পাচারকারীর নাম রঞ্জিত দেববর্মা।

*************

**BSF rakhi bandhan :**

বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ার শালবাগান সদর দপ্তরে রাখী বন্ধন উদযাপন করেছে। বিএসএফের শালবাগান সদর দপ্তর এক বিবৃতিতে জানিয়েছে, স্থানীয়দের সঙ্গে বিএসএফ অফিসার, জওয়ান, তাদের পরিবারবর্গ একে অপরের হাতে রাখী বেঁধে সুরক্ষা ও ভালবাসার প্রতীক বন্ধনে আবদ্ধ হন। আগরতলার বিভিন্ন এনজিও-র মহিলারা সীমান্ত রক্ষাকারী জওয়ানদের হাতে রাখী

বেঁধে দেন। মিষ্টি বিতরণ ও সবার মধ্যে শান্তি ও ভ্রাতৃত্বের বার্তা বিনিময়ের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

***********

**রাখি বন্ধন: বিপ্লব দেব :**

রাখি বন্ধনের বিশেষ দিনটিতে গতকাল বোনেদের দেয়া রাখি পড়লেন সাংসদ, বিপ্লব কুমার দেব। রাজ্যের বিভিন্ন প্রান্তের প্রায় দুই শতাধিক মহিলা তাঁর বাড়িতে গিয়ে গতকাল শ্রী দেবকে রাখি পড়ান।

সাংসদ বলেন, রাখি বন্ধন মানেই ভাইয়ের কল্যাণে বোনের মঙ্গল প্রার্থনা। এই প্রসঙ্গে তিনি রাখি বন্ধন সূচনার ক্ষেত্রে রবীন্দ্র নাথ ঠাকুরের ভূমিকার বিষয়েও আলোকপাত করেন।

ঐদিন, টিআরপিসির চেয়ারম্যান পাতাল কন্যা জমাতিয়া, BJP মহিলা মোর্চার সভানেত্রী মিমি মজুমদার, প্রমুখ উপস্থিত ছিলেন।

***************

**Ex central minister pratima bhowmik :**

প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক গতকাল আখাউড়া সীমান্তে দুই দেশের সীমান্ত রক্ষা বাহিনি বিএসএফ এবং বিজিবি জওয়ানদের হাতে রাখী পড়িয়ে শুভেচ্ছা জানান। শ্রীমতি ভৌমিক জানান, ভাই বোনের সম্পর্ক অটুট রাখতে প্রতিবছরের মতো এবছরও সীমান্তরক্ষীদের সাথে তিনি দিনটি উদযাপন করেছেন।

****************

**রাখাল শীল্ড :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড ঘরোয়া নকআউট ফুটবল প্রতিযোগিতার গতকালের খেলাটি প্রবল বর্ষনের কারণে পরিত্যক্ত হয়েছে। আসরের প্রথম কোয়ার্টার ফাইনালে লালবাহাদুর ব্যায়ামাগার ও বীরেন্দ্র ক্লাবের মধ্যে নৈশালোকে সন্ধ্যা ছয়টা থেকে ম্যাচটি হওয়ার কথা ছিল। এই ম্যাচটি আজ দুপুর তিনটায় খেলা হবে বলে টিএফএ'র যুগ্মসচিব কৃষ্ণপদ সরকার জানান।

***********

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম, সিপাহীজলা ও দক্ষিণ জেলার দু এক জায়গায় ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ আকাশ মেঘলা থাকবে । অধিকাংশ স্থানে বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । আগরতলায় দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৯ ডিগ্রির কাছাকাছি। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৫ ডিগ্রি সেলসিয়াস। আগরতলা বিমানবন্দরে গতকাল সকাল সাড়ে ৮ টা থেকে ভোর সাড়ে ৫ টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৭৬ মিলিমিটার। এদিকে গতকালের বৃষ্টিতে রাজ্যের কোন কোন স্থানে নদীর জল বেড়েছে । নিচু জায়গা গুলিতে জল জমেছে বলে সংবাদ পাওয়া গেছে ।

*************

*************